

যুগান্তর

প্রিন্ট: ১৮ মে ২০২৬, ০৯:৩১ এএম

ক্যাম্পাস

প্রক্টর অফিসের পর জাবির প্রশাসনিক ভবনেও তালা

Advertisement



জাবি প্রতিনিধি

প্রকাশ: ১৭ মে ২০২৬, ০৩:১১ পিএম





জাবির প্রশাসনিক ভবনে তালা। ছবি: যুগান্তর

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে (জাবি) নারী শিক্ষার্থীকে ধর্ষণচেষ্টার ঘটনায় অভিযুক্ত এখন পর্যন্ত গ্রেফতার না হওয়ায় প্রক্টরিয়াল বডির পদত্যাগ দাবিতে প্রক্টর কার্যালয়ের পর প্রশাসনিক ভবনেও তালা দিয়েছে আন্দোলনরত শিক্ষার্থীরা।

রোববার (১৭ মে) সকাল ১০টার দিকে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের প্রধান ফটকে তালা দেন তারা।

আন্দোলনে অংশ নেওয়া নাটক ও নাট্যতত্ত্ব বিভাগের শিক্ষার্থী আদৃতা রায় বলেন, ১০০ ঘণ্টার বেশি সময় পার হয়ে গেছে, কিন্তু আসামিকে গ্রেফতারের কোনো খবর নেই। প্রশাসন তাদের দায়িত্ব ঠিকভাবে পালন করছে কি না, সেটিও প্রশ্নের বিষয়।

শিক্ষার্থীদের ছয় দফা দাবির মধ্যে প্রথম এবং সবচেয়ে গুরুত্বপূর্ণ দাবি হচ্ছে দ্রুত অভিযুক্তকে গ্রেফতার করা। এ দাবিতে চাপ সৃষ্টি করতেই প্রশাসনিক ভবনে তালা দেওয়া হয়েছে।

আরও পড়ুন

ডুয়েটে ভিসি নিয়োগকে কেন্দ্র করে সংঘর্ষ, পুলিশসহ আহত ২৫

অবরোধকালে আন্দোলনকারী নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের ৫২তম ব্যাচের শিক্ষার্থী ফাহিমদা মুন বলেন, আমাদের যে ছয় দফা দাবি ছিল, এর মধ্যে প্রথম দফা দাবি ছিল ৪৮ ঘণ্টার মধ্যে অভিযুক্তকে গ্রেফতার করতে হবে।

বিশ্ববিদ্যালয় প্রশাসন ও পুলিশ সূত্রে জানা গেছে, অভিযুক্ত বহিরাগত। সিসিটিভি ফুটেজ থেকে তার ছবি সংগ্রহ করে প্রকাশ করা হয়েছে এবং তাকে ধরিয়ে দিতে পুরস্কার ঘোষণা করা হয়েছে। তবে ঘটনার পাঁচদিন পার হয়ে গেলেও তাকে গ্রেফতার করা সম্ভব হয়নি।



